



Australian Government

COVID-19 VACCINATION

শিশু এবং কিশোরদের জন্য COVID-19 ভ্যাকসিন: পিতামাতা এবং অভিভাবকদের জন্য তথ্য

শেষ আপডেট: 10 জানুয়ারী 2022

COVID-19 ভ্যাকসিনটি 5 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য অনুমোদিত এবং সুপারিশ করা হয়। 5 বছর বা তার বেশি বয়সী শিশুদের জন্য COVID-19 ভ্যাকসিন দেওয়ার অ্যাপয়েন্টমেন্ট এখন উপলব্ধ।

Spikevax (Moderna) 12 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য অনুমোদিত এবং সুপারিশ করা হয়। এটি বর্তমানে 6 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য মূল্যায়ন করা হচ্ছে।

কেন শিশু এবং কিশোরদের ভ্যাকসিন দেওয়া উচিত?

শিশু এবং কিশোর-কিশোরীদের COVID-19 এর বিরুদ্ধে ভ্যাকসিন নেওয়ার অনেক কারণ রয়েছে, যার মধ্যে রয়েছে:

- তাদের COVID-19-এর সংক্রমণ থেকে রক্ষা করা
- তাদের খুব অসুস্থ, দীর্ঘমেয়াদী পার্শ্বপ্রতিক্রিয়া বা দীর্ঘ কোভিড হওয়ার ঝুঁকি হ্রাস করা
- তাদের স্কুলে ফিরে যেতে সাহায্য করা
- তাদের পরিবার এবং বন্ধুদের সাথে পুনঃসংযোগ
- দলগত খেলাধুলা, কনসার্টে যাওয়া এবং ভ্রমণের মতো কাজগুলো করতে তাদের ফিরিয়ে আনা এবং
- সম্প্রদায়ে ভাইরাসের বিস্তারকে ধীর করে।

COVID-19 এর বিরুদ্ধে ভ্যাকসিন দেওয়া তাদের সুরক্ষা দেয়:

- পরিবার
- বন্ধুবান্ধব
- সহপাঠী, এবং
- সতীর্থা

COVID-19 ভ্যাকসিন কীভাবে কাজ করে?

COVID-19 ভ্যাকসিনগুলি মানুষকে COVID-19-এ খুব অসুস্থ হওয়া থেকে বিরত রাখতে পারে। আপনি যদি এটির সংস্পর্শে আসেন তবে ভ্যাকসিনগুলি আপনার শরীরকে COVID-19 থেকে পরিষ্কার পেতে প্রশিক্ষণ দেয়।

Pfizer এবং Moderna ভ্যাকসিনে কোনো লাইভ ভাইরাস থাকে না এবং আপনাকে COVID-19 দিতে পারে না।

তাদের ভ্যাকসিন দেওয়ার পরে কী আশা করা যায়

প্রথম ডোজ দেওয়ার প্রায় 2 থেকে 3 সপ্তাহ পরে ভ্যাকসিনটি COVID-19 থেকে মানুষকে রক্ষা করতে শুরু করে।

এই কারণেই আপনার সন্তানের জন্য নিরাপদ থাকাকাটা গুরুত্বপূর্ণ এবং:

- ভাল স্বাস্থ্যবিধি অনুশীলন করুন, যেমন তাদের হাত ধোয়া
- অন্য লোকদের থেকে 1.5 মিটার দূরে রাখুন
- জনসমাবেশের জন্য সীমা অনুসরণ করুন, এবং
- তাদের প্রয়োজন হলে কখন এবং কীভাবে বিচ্ছিন্ন করতে হবে তা বুঝুন।

তাদের কি পার্শ্বপ্রতিক্রিয়া হবে?

আপনার শিশু ভ্যাকসিন দেওয়ার পরে কিছু পার্শ্বপ্রতিক্রিয়া অনুভব করতে পারে। বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়া কয়েক দিনের বেশি স্থায়ী হয় না এবং তারা কোনো সমস্যা ছাড়াই সুস্থ হয়ে যায়। ভ্যাকসিন দেওয়ার সাধারণ প্রতিক্রিয়াগুলির মধ্যে রয়েছে:

- ব্যাথাযুক্ত হাত
- অল্প জ্বর
- মাথাব্যথা

যদি আপনার সন্তানের উপসর্গ সম্পর্কে আপনার কোনো উদ্বেগ থাকে, তাহলে আপনি www.health.gov.au এ আরও তথ্য পেতে পারেন বা কল করতে পারেন National Coronavirus Helpline-এ **1800 020 080** নম্বরে। দোভাষী পরিষেবার জন্য, **131 450** নম্বরে কল করুন এবং National Coronavirus Helpline-এর জন্য জিজ্ঞাসা করুন।

আপনার সন্তানের ভ্যাকসিন দেওয়ার আগে আপনি আপনার ডাক্তার বা স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে COVID-19 ভ্যাকসিন সম্পর্কে আপনার যে কোনও উদ্বেগ বা প্রশ্ন নিয়ে আলোচনা করতে পারেন।

আমার সন্তান কোন ভ্যাকসিন পাবে?

5 থেকে 11 বছর বয়সী শিশুদের এবং 12 বছর বা তার বেশি বয়সের লোকদের জন্য COVID-19 ভ্যাকসিনের কিছু পার্থক্য রয়েছে।

5 থেকে 11 বছর বয়সী শিশুরা 8 (আট)সপ্তাহের ব্যবধানে 2 ডোজ ভ্যাকসিন পাবে। বিশেষ পরিস্থিতিতে এটিকে ন্যূনতম 3 সপ্তাহে ছোট করা যেতে পারে।

5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য ডোজ 12 বছর বা তার বেশি বয়সের লোকদের ডোজ এর এক তৃতীয়াংশ।

12 বছর বা তার বেশি বয়সী শিশুরা 3 থেকে 6 সপ্তাহের ব্যবধানে 2 ডোজ ভ্যাকসিন পাবে।

তাদের দ্বিতীয় অ্যাপয়েন্টমেন্ট মনে রাখবেন

এটি গুরুত্বপূর্ণ যে আপনার সন্তানকে ভ্যাকসিনের দুটি ডোজ যেন দেওয়া হয়, কারণ দ্বিতীয় ডোজটি COVID-19 এর বিরুদ্ধে সম্পূর্ণ সুরক্ষা প্রদান করে এবং সুরক্ষা দীর্ঘকাল স্থায়ী হয় তা নিশ্চিত করে।

সম্মতি

অভিভাবকদের তাদের সন্তানের ভ্যাকসিন দেওয়ার জন্য সম্মতি দিতে বলা হতে পারে।

সাধারণভাবে, একজন শিশুর পিতামাতা বা আইনী অভিভাবকের কাছে ভ্যাকসিন দেওয়ার জন্য সম্মতি দেওয়ার ক্ষমতা রয়েছে। কিছু স্টেট বা টেরিটোরিতে, বয়স্ক কিশোর-কিশোরীরা তাদের নিজস্ব সম্মতি প্রদান করতে সক্ষম হতে পারে।

আপনার সন্তানের COVID-19 ভ্যাকসিন তাদের ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্টে রেকর্ড করা হবে। আপনার সন্তানের বয়স 14 বছর বা তার বেশি হলে, গোপনীয়তার কারণে আপনি আর তাদের অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেকর্ড অ্যাক্সেস করতে পারবেন না। আপনার সম্মতি থাকলে আপনি তাদের ভ্যাকসিনদানের ইতিহাসের বিবৃতি পেতে পারেন। আরও তথ্য Services Australia-এর মাধ্যমে পাওয়া যায়

<https://www.servicesaustralia.gov.au/how-to-get-immunisation-history-statement>

আরও তথ্য

COVID-19 ভ্যাকসিন সম্পর্কে আরও তথ্যের জন্য, www.health.gov.au/covid19-vaccines-languages এ যান বা **1800 020 080** নম্বরে National Coronavirus Helpline-এ কল করুন। দোভাষী পরিষেবার জন্য, **131 450** নম্বরে কল করুন এবং National Coronavirus Helpline-এর জন্য জিজ্ঞাসা করুন।